

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংগ্রহ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০১.১৫.৬৬৬(৭)

তারিখ : ০১/০৪/২০১৫ খ্রিঃ।

বিষয় :- অভ্যন্তরীণ গম সংগ্রহ-২০১৫ এর আওতায় গম সংগ্রহের লক্ষ্যমাত্রা, মূল্য, সময়সীমা এবং উপজেলাওয়ারী বিভাজন।

সূত্র :- খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৭.০০৬.২০০৯-১৭, তাং ০১/০৪/১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০৩/০৩/১৫ইং তারিখে খাদ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভায় ২০১৫ সালে অভ্যন্তরীণভাবে গম সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

- (১) গম কৃষকগণের নিকট থেকে সরাসরি ক্রয়/সংগ্রহ করতে হবে ;
- (২) অভ্যন্তরীণ গম সংগ্রহের লক্ষ্যমাত্রা - ১,৫০,০০০ মেঃ টন ;
- (৩) গমের সংগ্রহ মূল্য কেজি প্রতি ২৮.০০ (আটাশ) টাকা ; ও
- (৪) গম সংগ্রহের সময়সীমা ০১-০৪-১৫ইং থেকে ৩০-০৬-১৫ইং পর্যন্ত।

সূত্র স্মারকে মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে উপজেলাওয়ারী গম সংগ্রহের লক্ষ্যমাত্রার বিভাজন এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার তাঁর বিভাগের জেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১০ যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে গম সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/বরিশাল বিভাগ /*বিভাগ*

(ইলাহী দাদ খান)
পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০১/০৪/১৫

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০১.১৫.৬৬৬/৭(২০)

তারিখ : ০১/০৪/২০১৫ খ্রিঃ।

অনুলিপি :

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। সকল পরিচালক খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ্য ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭। বাজেট অফিসার, খাদ্য ও দুর্যোগ্য ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০১/০৪/১৫